

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ১৮ আগস্ট, ২০১৪

নং ১০.০০.০০০০.১২৮.০১১.০০৮.২০১২-৬২০—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের মাননীয় বিচারপতি জনাব সুরেন্দ্র কুমার সিনহা ১৩-০৮-২০১৪ খ্রিঃ তারিখ হইতে ২২-০৮-২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত বিদেশে অবস্থান করিবেন বিধায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি সংবিধানের ৭৯ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব মোঃ মোজাম্মেল হোসেন এর অনুপস্থিতিকালীন সময়ে অর্থাৎ ১৭-০৮-২০১৪ খ্রিঃ তারিখ অথবা তাঁর যাত্রার সময় হইতে ২৩-০৮-২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কালে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোঃ আবদুল ওয়াহ্‌হাব মিঞা-কে মাননীয় প্রধান বিচারপতির কার্যভার পালনের দায়িত্ব প্রদান এবং ২৩-০৮-২০১৪ খ্রিঃ তারিখ হইতে ২৯-০৮-২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা মাননীয় প্রধান বিচারপতি মহোদয় স্বীয় কার্যভার গ্রহণ না করা পর্যন্ত মাননীয় বিচারপতি জনাব সুরেন্দ্র কুমার সিনহা-কে বাংলাদেশের প্রধান বিচারপতির কার্যভার পালনের দায়িত্ব প্রদান করিয়াছেন।

২। অত্র বিভাগের ০৫-০৮-২০১৪ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৮.০১১.০০৮.২০১২-৫৯৮ নং স্মারকের প্রজ্ঞাপন সংশোধনক্রমে অত্র প্রজ্ঞাপন জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক
সচিব (দায়িত্ব প্রাপ্ত)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭০০৫)

মূল্য : টাকা ৪.০০